# মেম্বারশীপ

১। বাংলাদেশের নাগরিক (শিক্ষাগত যোগ্যতা ন্যূতম স্নাতক পাশ) ও নিয়মতান্ত্রিক ভাবে বাংলাদেশে বসবাসরত বিদেশী যে কোন নাগরিক বিজিসিসির মেম্বারশীপের জন্য নিম্নবর্ণিত ভর্তি / প্রবেশ ফি (Membership Fee) পরিশোধের মাধ্যমে আবেদন করতে পারবেন:

| ক্র/নং | মেম্বারশীপের শ্রেণী | টাকার পরিমান |
|---|---|---|
| 1 | Defence (Service & Retired) | 6,000/- |
| 2 | Govt Officials | 1,75,000/- |
| 3 | Permanent Member | 6,00,000/- |
| 4 | Life Member | 9,00,000/- |
| 5 | Corporate Member (1 person) | 9,00,000/- |
| 6 | Corporate Member (2 person) | 14,00,000/- |
| 7 | Corporate Member (3 person) | 18,00,000/- |
| 8 | Children Member (Defence) | 30,000/- |
| 9 | Expatriate Members | $ 6,500 |
| 10 | Diplomat | $ 5,500 |

**ক।** **পারমান্যান্ট মেম্বার :** শুধুমাত্র চাকুরীজীবি, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইন ব্যবসায়ী ইত্যাদি শ্রেণির ব্যক্তিরা পারমান্যান্ট মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন।

**খ।** **লাইফ মেম্বার :** কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিক, ব্যবসায়ী প্রতিষ্ঠানের শেয়ার হোল্ডার শ্রেণির ব্যক্তিগন লাইফ মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন।

**গ।** **কর্পোরেট মেম্বার :** যে কোন পাবলিক/প্রাইভেট লিমিটেড কোম্পানী কর্পোরেট মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন।

**ঘ।** **সার্ভিস মেম্বার :** সেনাবাহিনী, নৌ ও বিমান বাহিনীতে কর্মরত/অবসর প্রাপ্ত কর্মকর্তাগন সার্ভিস মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও উপ-সচিব সমতুল্য পদবীর সরকারী কর্মকর্তাগণও সার্ভিস মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন।

**২।** **মেম্বারশীপ - সিভিল মেম্বারদের ছেলে-মেয়ে।** বিজিসিসির পারমান্যান্ট এবং লাইফ (বি) যাদের মেম্বারশীপের বয়স ১০ বছর এবং বেশী তাদের ছেলে-মেয়েরা নিম্নলিখিত ভর্তি হারে ভর্তি ফি পরিশোধ করে মেম্বারশীপ নীতে পারবেন:

ক। ১ম সন্তান - ভর্তি ফির ২৫% ।
খ। ২য় সন্তান - ভর্তি ফির ৫০% ।
গ। ৩য় সন্তান - ভর্তি ফির ৭৫% ।
ঘ। ৪র্থ সন্তান - ভর্তি ফির ১০০%।

৩। **শর্তাবলী**।

ক। প্রার্থীকে বিজিসিসির দপ্তর অথবা বিজিসিসির ওয়েবসাইট হতে মেম্বারশীপের আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে হবে।

খ। প্রার্থীকে নূন্যতম স্নাতক পাশ হতে হবে।

গ। প্রার্থীকে অবশ্যই ডিজিএফআই কর্তৃক নিরাপত্তা ছাড়পত্রের যোগ্য হতে হবে।

ঘ। প্রার্থীকে অবশ্যই বৈধ দেশী ও বিদেশী নাগরিক হতে হবে।

ঙ। প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজিসিসি এর একজন সক্রিয় মেম্বার কর্তৃক প্রত্যায়ণ করতে হবে এবং অপর একজন সক্রিয় মেম্বার কর্তৃক সমর্থন নিতে হবে।

চ। প্রার্থীকে অবশ্যই আইনগতভাবে বৈধ থাকতে হবে । তার বিরুদ্ধে কোন ফৌজদারী বা ক্রিমিনাল মামলা থাকলে বা পূর্বে কোন মামলায় সাজাপ্রাপ্ত হলে তিনি অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

ছ। মেম্বারশীপের জন্য প্রার্থীকে তার প্রতিষ্ঠান হতে আচরণের সনদপত্র দাখিল করতে হবে।

৪। **মেম্বারশীপ প্রদানের প্রক্রিয়া** ।

ক। সিভিল প্রার্থীগন ক্লাব হতে আবেদনপত্র বা মেম্বারশীপ ফরম সংগ্রহের পর তা পূরণ করে নিম্নলিখিত দলিল দস্তাবেজ ও ভর্তি/প্রবেশ ফি এর চেক/ব্যাংক ড্রাফটসহ বিজিসিসির প্রশাসনিক শাখায় জমা করবেন ঃ

(১) মাসিক আয় বিবরনীর প্রত্যায়নপত্র ।
(২) চলতি বছরের আয়কর রিটার্ন ফরম (বিগত ৩ বছরের) ।
(৩) পরিশোধিত আয়কর চালানের ফটোকপি (বিগত ৩ বছরের)।
(৪) চলতি বছরের আয়কর প্রত্যান পত্র (বিগত ৩ বছরের)।
(৫) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (স্নাতক ও তদ্ধোর্ধ)।
(৬) জাতীয় পরিচয় পত্র
(৭) পাসপোর্ট এর ফটোকপি।
(৮) পাসপোর্ট সাইজের ৮ (আট) কপি কালার ফটো (সত্যায়িত)।
(৯) আচরণ সনদপত্র ।

খ। পূরণকৃত আবেদনপত্র অফিস সুপারিনটেনডেন্ট ধারাবাহিক ভাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, ভাইস প্রেসিডেন্ট (অর্থ ও প্রশাসন) ও প্রেসিডেন্টের নিকট প্রক্রিয়ায় অনুমোদন ও স্বাক্ষরের জন্য উপস্থাপন করবেন।

গ। সকল সিভিল ও অবসর প্রাপ্ত ডিফেন্স অফিসারদের (যদি পূর্বে ছাড়পত্র না থাকে) নিরাপত্তা ছাড়পত্রের জন্য ডিজিএফআই/ সামরিক গোয়েন্দা পরিদপ্তরে প্রেরণ করা হবে।

ঘ। নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রার্থীকে ব্যালুটিং কমিটি কর্তৃক সাক্ষাতকারের ব্যবস্থা করা হবে (সার্ভিস মেম্বার প্রার্থী ব্যতিত)। কমিটির চূড়ান্তভাবে মনোয়ণ সাপেক্ষে প্রার্থীকে “Use Club” মেম্বারশীপ প্রদান করা হবে।

ঙ। কোন কারণে মেম্বারশীপ অনুমোদিত না হলে প্রার্থীকে জমাকৃত টাকা ফেরত দেয়া হবে।

চ। নির্বাচিত ব্যক্তি সদস্য হবার পর নিজ ইচ্ছায় সদস্যপদ বাতিল করলে Membershi Fee ফেরৎ দেয়া হবে না।

৫। **মেম্বারশীপের  মাসিক চাঁদা**।

Monthly Subscription of Active Member

| Ser | Category | Amount |
|---|---|---|
| 1 | Defence (Service &Retired) | 900/- |
| 2 | Govt Officials | 1,200/- |
| 3 | Corporate Member (Each) | 3,500/- |
| 4 | Life Member | 3,500/- |
| 5 | Permanent Member | 3,500/- |
| 6 | Eternal Founder Member | 3,500/- |
| 7 | Single Lady Member (Civil ) | 3,500/- |
| 8 | Single Lady Member (Defence) | 900/- |
| 9 | Use Club Member | 5,500/- |
| 10 | Children Member (Defence) | 3,500/- |
| 11 | Expatriate Members | $ 150 |
| 12 | Diplomat | $ 100 |

Monthly Subscription of Absentee Member

| Ser | Category | Amount |
|---|---|---|
| 1 | Defence (Service &Retired) | 90/- |
| 2 | Govt Officials | 120/- |
| 3 | Life Member | 700/- |
| 4 | Permanent Member | 700/- |
| 5 | Single Lady Member (Civil ) | 700/- |
| 6 | Children Member (Defence) | 700/- |
| 7 | Single Lady Member (Defence) | 90/- |

৬। **পারমান্যান্ট ও লাইফ মেম্বারশীপের মধ্যে কিছু পার্থক্য**।  উভয় প্রকার মেম্বারশীপের জন্য ক্লাব সুবিধা ভোগের পরিমান সমান হলেও কিছু পার্থক্য রয়েছে যা নিম্নে দেয়া হলো:

| ক্র/নং | পারমান্যান্ট | লাইফ |
|---|---|---|
| ১। | ভর্তি ফি : ৬,০০,০০০/- টাকা (পরিবর্তন যোগ্য) | ভর্তি ফি : ৯,০০,০০০/- টাকা (পরিবর্তন যোগ্য) |
| ২। | ব্যালোটিং কমিটি কর্তৃক প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করার পর যোগ্য প্রার্থীকে প্রথমে  ৬ মাসের জন্য ইউজ ক্লাব মেম্বারশীপ প্রদান করা  হবে। | প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করার পর সরাসরি লাইফ মেম্বারশীপ প্রদান করা হবে। |
| ৩। | ৬ মাসের মধ্যে প্রার্থীকে ৩০ দিন প্র্যাকটিস এবং ৯টি ৯ হোল খেলার স্কোর কার্ড জমা করতে হবে। | প্রয়োজন নাই । |

| ক্র/নং | পারমান্যান্ট | লাইফ |
|---|---|---|
| ৪। | ইউজ ক্লাব পিরিয়ড মাসিক চাঁদা দিগুণ প্রদান করতে হবে। | মাসিক চাঁদা দিগুণ প্রদান করতে হবে না। |
| ৫। | উপরোক্ত শর্তাবলী সম্পন্ন করার পর তাকে পারমান্যান্ট মেম্বারশীপ প্রদান করা হবে। | শুরুতেই লাইফ মেম্বারশীপ প্রদান করা হবে। |
| ৬। | সাধারণত: চাকুরীজীবি, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইন ব্যবসায়ী ইত্যাদি শ্রেণির ব্যক্তিগণ পারমান্যান্ট মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন । | সাধারণত: কোন ব্যবসায়ী, ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিক, ব্যবসায়ী প্রতিষ্ঠানের শেয়ার হোল্ডার এ শ্রেণির ব্যক্তিগণ লাইফ মেম্বারশীপের জন্য আবেদন করতে পারবেন। |

## অনারারী মেম্বারশীপ

৭। ক্লাবের প্রেসিডেন্ট বদলী যাওয়ার পূর্বে ইসি মেম্বারদের নিয়ে ফেয়ারওয়েল পার্টির আয়োজন করা হবে। উক্ত পার্টির পূর্বে সংক্ষিপ্ত আকারে (অলিখিত) ইসি মিটিং করা হবে এবং প্রেসিডেন্টকে ”অনারারী মেম্বারশীপ” সার্টিফিকেট ও ক্রেষ্ট প্রদান করা হবে। অনারারী মেম্বারগণ আজীবন পারমান্যান্ট মেম্বারদের মত ক্লাবের সকল সুযোগ-সুবিধা পাবেন।

## স্পেশাল মেম্বারশীপ:

৮। স্পেশাল মেম্বারশীপ ৩ বছরের জন্য ভিপি (এ্যাডমিন ও ফাইন্যান্স) কে দেয়া হবে। বদলীর সময় সংক্ষিপ্ত ইসি মিটিং এর মাধ্যমে স্পেশাল মেম্বারশীপের সনদপত্র এবং ক্রেষ্ট প্রদান করা হবে। এ তিন বছর তাকে ক্লাবের মাসিক চাঁদা দিতে হবে না। স্পেশাল মেম্বার (৩ বছর) পারমান্যান্ট মেম্বারদের মত ক্লাবের সকল সুযোগ-সুবিধা পাবেন। ইসি কমিটির অনুমোদন সাপেক্ষে অন্য কাউকে স্পেশাল মেম্বারশীপ প্রদান করা যাবে ।

## অনুপস্থিত সদস্য

৯। সার্ভিস মেম্বারগণ বহিরাগত স্টেশনে/দেশের বাহিরে বদলী হলে আবেদনপত্রের মাধ্যমে অনুপস্থিত মেম্বার হতে পারবেন। পারমান্যান্ট মেম্বারগনও বহিরাগত স্টেশনে/দেশের বাহিরে স্থায়ীভাবে বসবাস করলে অনুপস্থিত মেম্বারের জন্য আবেদন করতে পারবেন। ক্লাব কর্তৃপ বিষয়টি বিবেচনা করলে অনুপস্থিত সদস্য হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে সকল বকেয়া বিল পরিশোধ করতে হবে এবং ১/২ বছরের মাসিক (অনুপস্থিতির জন্য নির্ধারিত) অগ্রীম প্রদান করতে হবে।

## সদস্যপদ বাতিল করা

১০। কোন সদস্য স্বেচ্ছায় সদস্যবপদ বাতিল করতে চাইলে ক্লাব বিল পরিশোধ করার পর প্রধান নির্বাহী কর্মকর্তার বরাবর আবেদন করবেন । অফিস প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। কোন সদস্য ৬ মাসের বেশী বকেয়া চাঁদার/ক্লাব বকেয়ার জন্য ক্লাব কর্তৃপক্ষ সদস্যবপদ বাতিল করতে পারবেন।

১২। ক্লাব শৃঙ্খলা ভঙ্গ, কোন মামলার আসামী, রাষ্ট্রদ্রোহী কার্যকলাপের সাথে জড়িত, নাশকতামূলক কাজে জড়িত, অসৌজন্যমূলক আচরণ ইত্যাদিও জন্য ক্লাব কর্তৃপক্ষ মেম্বারশীপ বাতিল করতে পারবে।

১৩। মেম্বারশীপ বাতিলের ক্ষেত্রে মেম্বারকে তার কোন টাকা ফেরৎ দেওয়া হবে না।